সংবাদ

তারিখ ... 12 JUL 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

নকল ঠেকানোর পদক্ষেপ

# ভারতে পরীক্ষাকক্ষে নতুন ড্রেসকোড!

সংবাদ ডেস্ক

নকল ও অসদুপায় অবলম্বন ঠেকাতে ভারতের একটি মেডিকেল বিদ্যালয় কর্তৃপক্ষের ভর্তি পরীক্ষায় পুনঃঅংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য নতুন ড্রেসকোড নির্ধারণ করে দিয়েছে। গত মাসে প্রথমবারের মতো পরীক্ষাটি অনুষ্ঠিত হয়। কিন্তু সে সময় পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও এতে অংশগ্রহণকারীদের ব্যাপকহারে অসদুপায় অবলম্বনের কারণে পরীক্ষাটি বাতিল করা হয়। পরে সুপ্রিমকোর্ট এক রায়ে ৬ লাখ প্রার্থীকে পুনরায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আদেশ দেয়। ওই রায়ে প্রার্থীদের হাফ হাতাওয়ালা, ছোট ছোট বোতামওয়ালা ও হালকা-পাতলা পোশাক পরে পরীক্ষার হলে আসার আদেশ দেয়া হয়। এছাড়া কানের দুল পরা, ক্যালকুলেটর, কলম, হাতব্যাগ ও ওয়ালেট বহনের ওপরও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এছাড়া ভারী শু'র বদলে খোলা স্যান্ডেল পরে আসতেও বলা হয়েছে। ভারতে প্রায়ই বিদ্যালয়ের শিক্ষার্থীদের ব্লু-টুথ ডিভাইস ও মোবাইল সিম কার্ড জামার নিচে লুকিয়ে রেখে পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে দেখা যায়। গত কয়েক বছরে ছোট ইয়ারফোন, বোতামের ছিদ্রে স্থাপিত ক্যামেরা ও ক্ষুদ্র ইয়ার প্লাগ ব্যবহার করে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সময় বহু শিক্ষার্থীকে আটক করা হয়। এসব ছাড়াও স্ক্যানিং যন্ত্রযুক্ত কলমের মাধ্যমে প্রশ্নপত্রের ছবি তুলে সে ছবি ব্লুটুথের মাধ্যমে বাইরে পাঠিয়ে সেখানে নিযুক্ত লোকের মাধ্যমে পুনরায় উত্তর আনানোর মতো অভিনব জালিয়াতির ঘটনাও ঘটেছে। নতুন এই ড্রেস কোড জারি করা হয়েছে মূলত পোশাকের নিচে যেন কিছু লুকিয়ে রাখা না যায় সে উদ্দেশ সামনে রেখে। সম্প্রতি বেশ কয়েকটি মেডিকেল বিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ব্যাপকহারে অসদুপায় অবলম্বনের ঘটনা ধরা পড়ার পর ভারতজুড়ে প্রতিবাদের ঝড় উঠলে দেশটির সুপ্রিমকোর্ট এই পদক্ষেপ গ্রহণ করে। এনডিটিভি, জি নিউজ।